গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা।
www.masscommunication.gov.bd

নং- ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/১২১০৬ তারিখ: ১৪.০৯.২০২০

বিষয়: **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত আগস্ট-২০২০ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে আগস্ট-২০২০ (২য় পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী: প্রতিবেদন এক প্রস্থ।

১৪.০৯.২০

(আকতার হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩০০৬৪০।
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ:

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

## আগস্ট-২০২০ (২য় পক্ষ)

- **জনমত শিরোনাম**

— গত ২১ আগস্ট বর্বরোচিত গ্রেনেড হামলার ১৬ তম বার্ষিকী পালিত। জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি

— করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের যথোচিত পদক্ষেপ এবং ব্যাপক প্রচারের কারণে সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে চলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে

— নিত্যপণ্যের বাজার স্থিতিশীল। বিভিন্ন ধরনের মশলার দাম নিয়ন্ত্রণের জোর দাবি

— ইলিশের দাম নিম্নমুখি হওয়ায় জনগণের স্বস্তি প্রকাশ

— সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

## গত ২১ আগস্ট বর্বরোচিত গ্রেনেড হামলার ১৬ তম বার্ষিকী পালিত। জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি

- গত ২১ আগস্ট ইতিহাসের ভয়াবহ গ্রেনেড হামলার ১৬ তম বার্ষিকী বিভিন্ন স্মরণ অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয়েছে। বর্বরোচিত এ হামলায় বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেদিন তাৎক্ষণিক মানববলয়ের কারণে বেঁচে যান। ঐ ঘটনায় প্রয়াত রাষ্ট্রপতি জিল্লুর রহমানের সহধর্মিনীসহ ২৪ জন শহীদ হন। দিবসটিকে কেন্দ্র করে বিভিন্ন সংগঠন দোয়া মাহ্‌ফিল, আলোচনাসভাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

- নারকীয় এ হামলার ১৬ তম বর্ষপূর্তি উপলক্ষে শোকার্ত জনগণ অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে বলে জনমতে প্রকাশ। একইসঙ্গে, এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সরকার যথার্থ ব্যবস্থা গ্রহণ করবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেছে।

## করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের যথোচিত পদক্ষেপ এবং ব্যাপক প্রচারের কারণে সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে চলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে।

- করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের যথোচিত পদক্ষেপ এবং ব্যাপক প্রচারের কারণে সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক হ্রাস পেয়েছে এবং স্বাস্থ্যবিধি মেনে চলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। জনসাধারণ সামাজিক দূরত্ব বজায় রাখছে এবং ঘরের বাহিরে মাস্ক পরিধান করে তাদের দৈনন্দিন কাজকর্ম সম্পন্ন করছে। ধীরে ধীরে জনজীবন স্বাভাবিক হয়ে যাচ্ছে। করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিভাগ, স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনী এবং তথ্য অফিসসমূহ সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

Shuvo

চলমান পাতা-৩

## নিত্যপণ্যের বাজার স্থিতিশীল। বিভিন্ন ধরনের মশলার দাম নিয়ন্ত্রণের জোর দাবি

- বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্য-সামগ্রীর মূল্য স্থিতিশীল রয়েছে। তবে, বিভিন্ন স্থানে বন্যার কারণে সরবরাহ কম থাকায় শাকসবজির দাম বৃদ্ধি পেয়েছে বলে জনমতে জানা গেছে। এছাড়া, ভোজ্যতেল, ডিম, আদা, রসুন, চিনি, আলু, কাঁচামরিচের দাম এখনো উর্ধ্বমুখী থাকায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছে ভোক্তাসাধারণ।

## ইলিশের দাম নিম্নমুখি হওয়ায় জনগণের স্বস্তি প্রকাশ

- বাজারে ইলিশ মাছের দাম কিছুটা নিম্নমুখি হওয়ায় জনগণ স্বস্তি প্রকাশ করেছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। অভ্যন্তরীণ বাজারে ইলিশের সরবরাহ বেশি থাকায় ইলিশের দাম কিছুটা কম হয়েছে বলে জনমতে জানা গেছে। বাজার নিয়ন্ত্রণে সরকার আরো সফল হবে বলে জনসাধারণ আশাবাদ ব্যক্ত করেছে।

## সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

- দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। সীমান্ত সংলগ্ন জেলাসহ দেশের বিভিন্ন স্থানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মাদক ও সন্ত্রাসবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেছে স্থানীয়মহল। এছাড়া, খাদ্য সামগ্রীতে ভেজাল মিশ্রণ এবং মেয়াদোত্তীর্ণ ওষুধ বাজারজাতকরণ প্রতিরোধে প্রশাসনের কঠোর পদক্ষেপ অব্যাহত রাখার দাবি জানিয়েছে সর্বসাধারণ।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/ প্রতিমা

শুকলা বনিক
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার